[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আহত শিশুরা হলেন মেহেরপুর সদর উপজেলার ভবানন্দপুর গ্রামের সোহেল রানার ছেলে ইব্রাহিম, টেংরামারী গ্রামের হাফিজুল ইসলামের ছেলে হুসাইন(৭), জাহিদ হাসানের ছেলে মাহিম (৭) ও বাবুল হোসেনের ছেলে সিয়াম (৭)।

স্থানীয় সূত্রে জানা যায়, দুর্ঘটনা কবলিত ইজিবাইকটি ভবানন্দপুর ও টেংরামারী এলাকা থেকে ছাত্র-ছাত্রীদের নিয়ে শুটিং মোড় হয়ে কেদারগঞ্জে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসার উদ্দেশে যাচ্ছিল। পথে হিরি গাড়ির মাঠে বিপরীত দিক থেকে আসা একটি ট্রলির সঙ্গে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়।

ঘটনায় ইজিবাইকের চালক অক্ষত থাকলেও, গাড়িতে থাকা শিশু শিক্ষার্থীরা আহত হয়। স্থানীয়রা তাৎক্ষণিকভাবে আহতদের উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানকার কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে গুরুতর আহতদের মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে রেফার করেন।

এ বিষয়ে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসার প্রিন্সিপাল বাইজিদ হোসেন বলেন, “খবর পেয়ে মাদ্রাসা কর্তৃপক্ষ দ্রুত হাসপাতালে পৌঁছে আহতদের খোঁজখবর নিচ্ছে। যাদের অবস্থা একটু গুরুতর ছিল, তাদেরকে মেহেরপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমাদের শিক্ষকরা সার্বক্ষণিকভাবে তাদের পাশে রয়েছেন এবং মাদ্রাসা থেকে নিয়মিত খোঁজ রাখা হচ্ছে।”

তিনি আরও জানান, বর্তমানে সব ছাত্রই মোটামুটি ভালো আছে।

মুজিবনগরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগর-দর্শনা সড়কের বল্লভপুর মুসলিমপাড়া কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে ইয়াবাসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। সোমবার (২ জুন) বিকেলে একটি মোটরসাইকেলসহ তাকে আটক করা হয়।

আটককৃত ব্যক্তির নাম মোফাজ্জল হক (৪৬)। তিনি চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দলকালক্ষিপুর গ্রামের মৃত জালাল উদ্দিনের ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, কেদারগঞ্জ বাজার থেকে ইয়াবার একটি চালান মোটরসাইকেলযোগে চুয়াডাঙ্গার উদ্দেশ্যে যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বল্লভপুর মুসলিম কবরস্থান মোড়ে অবস্থান নেয় পুলিশ। পরে একটি দ্রুতগতির মোটরসাইকেলের গতিরোধ করে তল্লাশি চালায় তারা।

তল্লাশির সময় মোটরসাইকেলে থাকা একটি ব্যাগ থেকে পলিথিনে মোড়ানো এক হাজার একশ পিস ইয়াবা ও নগদ ৩১ হাজার ৬৫০ টাকা উদ্ধার করা হয়। এ সময় ব্যবহৃত মোটরসাইকেলটিও জব্দ করা হয়।

ওসি মিজানুর রহমান আরও জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এই ইয়াবার চালানটি কক্সবাজার থেকে মুজিবনগরে এসেছে। এখান থেকে তা খুচরা পর্যায়ে বিক্রির জন্য সরবরাহ করা হতো। আটক মোফাজ্জল হককে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। কে বা কারা এই চক্রের সঙ্গে জড়িত, কার মাধ্যমে চালান আসত, কোথায় কোথায় সরবরাহ হতো এসব তথ্য উদঘাটনের চেষ্টা চলছে।

তিনি জানান, এ ঘটনায় মোফাজ্জল হকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

মুজিবনগরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

“কৃষিই সমৃদ্ধি” এই স্লোগানকে সামনে রেখে র্যালী,আলোচনা সভার মধ্যদিয়ে মুজিবনগরে উদ্বোধন করা হয়েছে যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় তিন দিনব্যাপি কৃষি প্রযুক্তি মেলার।

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে রবিবার সকাল ১১ টার সময় উপজেলা কৃষি অফিস চত্তরে আয়োজিত

মেলার উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে কৃষি প্রযুক্তি মেলা উদ্বোধন উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেলা চত্বরে এসে শেষ হয়। ফিতা কেটে উদ্বোধন করা হয় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার।

মেলা উদ্বোধন শেষে মেলা চত্বরে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন এর সভাপতিত্বে,আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা মৎস্য কর্মকর্তা তারিখ আজিজ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক

মেলায় মোট ১৬টি স্টল অংশ নিয়েছে। এতে কৃষি প্রযুক্তি, আধুনিক কৃষি যন্ত্রপাতি, জৈব সার, উন্নত জাতের বীজ, চারা সহ নানা উদ্ভাবন ও কৃষি-সম্পর্কিত সামগ্রী প্রদর্শন করা হচ্ছে। আগামী, ৩ জুন পর্যন্ত চলবে এ মেলা। প্রতিদিন কৃষি বিষয়ক সেমিনার, চাষাবাদ বিষয়ক সচেতনতামূলক আলোচনা সভা ও কৃষকদের উদ্ভাবনী চর্চা শেয়ারিং সেশন অনুষ্ঠিত হবে।

মেলায় অংশগ্রহণকারী কৃষক ও উদ্যোক্তাদের মধ্যে পরিবেশবান্ধব ও বিজ্ঞানভিত্তিক কৃষিকাজের প্রতি আগ্রহ লক্ষ্য করা গেছে। তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলায় কৃষি সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান,লিফলেট বিতরণ,কৃষি সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান ও তৈলাক্ত কলাগাছে উড্ডয়ন প্রতিযোগিতা,পুরষ্কার বিতরণ এবং ৩ তারিখ সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

[redacted]

[redacted]

[redacted]

সভাপতিত্বে ক্যাম্পেইন অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সিরাজুল ইসলাম, শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে আমন্ত্রিত অতিথিবৃন্দ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে শিশু অধিকার, বাল্যবিবাহ, শিশুশ্রম, নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকার সুফল, ছাত্র-ছাত্রীদের পড়াশোনায় মনোযোগী হওয়া উপদেশ মূলক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন।

আলোচনা শেষে সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত থেকে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় এর ৩৬৫ জন ছাত্র ছাত্রী এবং শিক্ষক শিক্ষিকা বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান-এর ৪৪ তম শাহাদাত বার্ষিকী পালন

মুজিবনগরে জাতীয় পতাকা, দলীয় পতাকা, শোক পতাকা, আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থদের মাঝে বস্ত্র বিতরণের মধ্য দিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪৪ তম শাহাদাৎ বার্ষিকী পালন করা হয়েছে।

মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে, শুক্রবার সকাল সাড়ে ৭ টার সময় উপজেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গনে, জাতীয়, দলীয় এবং শোক পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির সূচনা করা হয়।

পতাকা উত্তোলন শেষে দলীয় কার্যালয়ে আলোচনা সভা এবং শহীদ

প্রেসিডেন্ট জিয়াউর রহমান এর আত্মার মাগফেরাত এবং বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল শেষে এলাকার অসহায় ও দুস্থ মহিলা-পুরুষদের মাঝে বস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সিনিয়র যুগ্ন আহ্বায়ক আমিরুল ইসলাম সভাপতি হিসেবে উপস্থিত থেকে পতাকা উত্তোলন ও বস্ত্র বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবির, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক আহনাফ লিংকনসহ মুজিবনগর উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল কৃষকদল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগরে জমির দখল নিতে রাতে কলাগাছ কেটে দেওয়ার অভিযোগ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামে জমির দখল নিতে রাতে ১২ কাঠা জমির প্রায় ২৫০টি কলাগাছ কেটে দেওয়ার অভিযোগ উঠেছে ফরজ আলী ও আরোজ আলী নামের দুই ভাইয়ের বিরুদ্ধে।

বৃহস্পতিবার (২৯ মে) মানিকনগর গ্রামের মৃত এরশাদ আলীর ছেলে সাত্তক আলী মুজিবনগর থানায় এই অভিযোগ দায়ের করেন।

অভিযোগে সাত্তক আলী জানান, বুধবার (২৮ মে) ফরজ আলী ও আরোজ আলী বল্লভপুর মৌজার এস.এ ৭৪৭ নং দাগভুক্ত ১ একর ৩৪ শতক জমি জোরপূর্বক মাপজোক করে দখল করেন। তিনি ও তার ছোট ভাই সাদেক এ বিষয়ে প্রতিবাদ করলে অভিযুক্তরা অস্ত্র দেখিয়ে খুন ও জখমের হুমকি দেন। পরিস্থিতি খারাপ দেখে তারা ঘটনাস্থল থেকে সরে আসেন।

সাত্তক আলীর দাবি, উক্ত জমিতে তার প্রায় ১৫০০টি কলাগাছ ছিল। রাত ৮টা থেকে ৯টার মধ্যে ২৫০টি কলাগাছ কেটে ফেলায় তার প্রায় দেড় লক্ষ টাকার ক্ষতি হয়েছে। প্রতিবাদ জানাতে গেলে অভিযুক্তরা পুনরায় প্রাণনাশের হুমকি দেন।

সংবাদকর্মী সরেজমিনে গিয়ে দেখেন, মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের মসজিদের পেছনে প্রায় ১২ কাঠা জমির কলাগাছ গোড়া থেকে কেটে ফেলে রাখা হয়েছে।

অভিযুক্ত ফরজ আলী অভিযোগ অস্বীকার করে বলেন, “আমি সরকারি চাকরিজীবী, বর্তমানে বান্দরবানে কর্মরত। কলাগাছ কাটার অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। উল্টো তারা আমাদের জমি দীর্ঘদিন ধরে দখল করে রেখেছে। জমির খারিজ-খাজনা আমাদের নামে। সম্প্রতি জমি মাপজোক করে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে প্রমাণিত হয়েছে জমিটি আমাদের। সিদ্ধান্ত হয়, তারা দুই বছর ধরে জমি ব্যবহার করায় ফসলের ক্ষতিপূরণ হিসেবে দুই লক্ষ টাকা দিতে হবে এবং তা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখে দিতে হবে। কিন্তু টাকা না দিয়ে উল্টো নিজেরা গাছ কেটে আমাদের নামে দোষ চাপাচ্ছে। আমি যেহেতু দূরে আছি, সেখানে গিয়ে গাছ কাটা আমার পক্ষে সম্ভব নয়।”

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান বলেন, “সাত্তক আলী থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন। তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

মুজিবনগরে দুই দিনের ব্যবধানে আরও ৩০ জনকে ঠেলে দিল বিএসএফ (ভিডিও)

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে দুই দিনের ব্যবধানে আরও ৩০ জন বাংলাদেশি নারী ও শিশুকে ঠেলে (পুশব্যাক) দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

মঙ্গলবার ভোররাতে মুজিবনগর উপজেলার সোনাপুর সীমান্ত দিয়ে তাদের বাংলাদেশের অভ্যন্তরে ঠেলে দেওয়া হয়।

তারা সীমান্ত পার হয়ে উপজেলার কেদারগঞ্জ এলাকায় অবস্থান করলে, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা পুলিশ তাদের আটক করে থানায় নিয়ে যায়। খবর পেয়ে মুজিবনগর বিজিবি ক্যাম্পের সদস্যরাও ঘটনাস্থলে উপস্থিত হন।

পুশব্যাক হওয়া ব্যক্তিরা হলেন:
কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী থানার টগরপাড়া গ্রামের আজারুলের ছেলে মোহাম্মদ বজলুর (৪০), তার স্ত্রী মনোয়ারা বেগম (৪৪), মেয়ে মর্জিনা খাতুন (৯), মোছা মিম (৪), ছেলে মোহাম্মদ রাসেল (২১); একই জেলার ফুলবাড়ী থানার নগরাজপুর গ্রামের আকবর আলীর ছেলে আলিমুদ্দিন (৫০), আলিমুদ্দিনের ছেলে আতিকুর (৩০), আব্দুল আলীর মেয়ে আমিনা খাতুন, মমতাজের মেয়ে মনিরা খাতুন (৪০), হুজুর আলীর মেয়ে হালিমা (১৮), আতিকুরের মেয়ে হামিমা (৩);
নাগেশ্বরী থানার বালাসিপাড়া গ্রামের আব্দুল গণির ছেলে ইচা আলী, তার স্ত্রী আকলিমা খাতুন, ছেলে ইসমাইল (৮), ইব্রাহিম (১৫), মেয়ে ইসমি (৩), শহিদুল ইসলামের মেয়ে সুমনা খাতুন (১৭); ফুলবাড়ী থানার নগরাজপুর গ্রামের হারুনের স্ত্রী ববিতা খাতুন (১৫), ছেলে ওবায়দুর (৭ মাস); ধর্মপুর গ্রামের কিতাব আলীর মেয়ে কল্পনা বেগম (২৭), অজয়টারি গ্রামের আমিনুরের মেয়ে ইয়াসমিন (২০), আতিকুলের ছেলে ইয়ানুর (২), ইয়াসিন (৫), মেয়ে ফাতেমা (১);
ফুলবাড়ী উপজেলার ভোগারকুটি গ্রামের হুজুর আলীর ছেলে মনির হোসেন, মেয়ে আদরি (২), ছেলে মনির হোসেন (৭); ফুলবাড়ী উপজেলার কাশিয়াবাড়ী গ্রামের কিতাব আলীর ছেলে শাহানুর (২৯), নুর ইসলাম (৯); বালাসিপাড়া ডাঙ্গা গ্রামের ইসহাক আলীর ছেলে আরিফ (১৯)।

আটককৃতরা জানান, তারা সবাই বাংলাদেশের নাগরিক। বিভিন্ন সময়ে কাজের সন্ধানে অবৈধভাবে তারা ভারতে প্রবেশ করে দীর্ঘদিন ধরে সেখানে বসবাস করে আসছিলেন।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, আটককৃতরা কেদারগঞ্জ এলাকায় অবস্থান করছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করে থানায় আনা হয়েছে। জিজ্ঞাসাবাদ শেষে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের কমান্ডার নাজমুল আহসান জানান,

বিএসএফ যে ব্যক্তিদের ঠেলে দিয়েছে, তারা সবাই কুড়িগ্রাম জেলার বাসিন্দা। তাদের অধিকাংশই অবৈধভাবে ভারতে গিয়ে দীর্ঘদিন ধরে বসবাস করছিলেন।

বিএসএফ তাদের আটক করে মুজিবনগর সীমান্ত দিয়ে পাঠিয়ে দিয়েছে। আমরা তাদের পুলিশে সোপর্দ করেছি এবং তাদের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

উল্লেখ্য, গত রবিবার ভোরে একই সীমান্ত এলাকা দিয়ে আরও ১৯ জন বাংলাদেশি নাগরিককে পুশব্যাক করেছিল বিএসএফ।

মুজিবনগরে চিড়িয়াখানায় অভিযানে ২৭টি বন্যপ্রাণী উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী মনোরমা মিনি চিড়িয়াখানায় অভিযান চালিয়েছে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট গতকাল রবিবার বিকেলে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ২৭টি বন্যপ্রাণী উদ্ধার করা হয়। পরিবেশ অনূযায়ী বেশ কিছু বন্যপ্রাণী এখান থেকে অবমুক্ত করে দেওয়া হয়। বাকিগুলো সাথে নিয়ে যায় অভিযানকারী দলটি।

উদ্ধারকৃত প্রাণীগুলোর মধ্যে রয়েছে, ২ টি হনুমান ২টি বানর, ৮টি কালেম, সজারু একটি, একটি অজগর, একটি হরিয়াল ৪ টি মুনিয়া, টিয়া একটি, একটি কচ্ছপ ও ৪ টি বালি হাঁস।

বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের বন্যপ্রাণি পরিদর্শক আব্দুল্লাহ আল সাদিক জানান, সারা দেশের চিড়িয়াখানা, রিসোর্ট ও মিনি পার্কে ধারবাহিক অভিযান পরিচালনা করছে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট। যেখানেই বণ্য প্রাণি পাওয়া যাচ্ছে সেখানেই অভিযান চলছে। তারই ধারাবাহিকতায় মুজিবনগরের মনোরমা মিনি চিড়য়াখানায় অভিযান পরিচালনা করা হয়। সেখান থেকে ২৭ টি বণ্য প্রাণি উদ্ধার করা হয়।

সেগুলোর মধ্যে মেহেরপুরের পরিবেশ উপযোগী বানর, হুনুমান, কচ্ছপ,

সাজারু, টিয়া, হরিয়াল, বালি হাঁস ও মুনিয়া পাখি অবমুক্ত করে দেওয়া হয়। বাকি অজগর ও কালিম পাখি সাথে নিয়ে যাওয়া হয়। পরিবেশ উপযোগী বাসস্থানে তাদেরকে অবমুক্ত করা হবে বলে তিনি জানান।

তিনি আরো জানান, জানুয়ারি থেকে চলতি মাস পর্যন্ত মন্টু মিয়ার বাগান বাড়ি, স্বপ্নপুরিসহ দেশের ৮ টি মিনি চিড়িয়াখানায় অভিযান পরিচালনা করা হয়েছে। সেখান থেকে ৭৬ টি বন্যপ্রাণি উদ্ধার করা হয়। পাশাপাশি বন্যপ্রাণির পাচারের সাথে কারা জড়িত তাদেরকেউ চিহ্নিত করা হচ্ছে। তারা যতোবড়ই শক্তিশালী হোক আইনের আওতায় আনা হবে বলে তিনি হুশিয়ারী দেন।

বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের বন্যপ্রাণি পরিদর্শক অসিম মল্লীকসহ ঢাকা ইউনিটের সদস্যরা এ অভিযানে অংশ নেয়।

তবে মনোরমা মিনি চিড়িয়াখানার মালিক তাহাজ উদ্দীন জানান, দেড় বছর আগে এ বণ্যপ্রাণি ও চিড়িয়াখানাটি অন্য মালিকের সাথে কিনেছিলেন। এখন এর লাইসেন্স সম্পর্কে কিছুই জানেনা। যে কাগজপত্রগুলো তারা দিয়েছেন সেগুলো যত্ন করে রেখে দিয়েছেন। সেগুলো দেখিয়েছি কিন্তু কেনা কাজ হয়নি।